JAN. 23 2001

দৈনিক ইত্তেফাক

# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

স্মারক নং-০১(১৯২) জাতীঃ বিঃ/প্রশাঃ/যস/৯৩১/১/৩০৮৪ তারিখঃ ১৬/০১/২০০১

## বিভিন্ন পরীক্ষার পরিত্যক্ত উত্তরপত্র খোয়া যাওয়া ও উদ্ধার প্রসঙ্গে

## জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য ঃ

সম্প্রতি দেশের কয়েকটি দৈনিক পত্রিকায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের কিছু মূল উত্তরপত্র পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করার সংবাদ ফলাও করে প্রকাশ করা হয়েছে। প্রকাশিত সংবাদটির প্রতি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। পরিত্যক্ত উত্তরপত্র উদ্ধার সম্পর্কে বিভিন্ন সংবাদপত্রে যে খবর প্রকাশিত হয়েছে তা উদ্দেশ্যমূলকভাবে ও বিকৃত আকারে জনমনে বিভ্রান্তি সৃষ্টির লক্ষ্যে প্রকাশিত হয়েছে। পরীক্ষায় উত্তরপত্র প্রক্রিয়াকরণের এক পর্যায়ে উত্তরপত্র পরিত্যক্ত ঘোষিত হয়। যেসব পরীক্ষার উত্তরপত্র একজন পরীক্ষক দ্বারা পরীক্ষিত হয় সে সকল উত্তরপত্র ফলাফল প্রকাশের পর একটি নির্দিষ্ট সময় পর্যন্ত প্রধান পরীক্ষকের হেফাজতে থাকে। যে সকল পরীক্ষার উত্তরপত্র দু'জন পরীক্ষক (১ম ও ২য় পরীক্ষক) দ্বারা পরীক্ষিত হয় সে সকল উত্তরপত্র বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত গোডাউনে জমা করা থাকে। যে সকল পরীক্ষায় প্রধান পরীক্ষক আছে সে সকল পরীক্ষার উত্তরপত্র পুনঃ নিরীক্ষণের পর পরিত্যক্ত ঘোষিত হয় এবং প্রধান পরীক্ষক বিশ্ববিদ্যালয়ের পক্ষে খোলা বাজারে বিক্রি করে বিক্রয় লব্ধ অর্থের শতকরা ৮০ ভাগ ব্যাংক ড্রাফটের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা দেন। দু'জন পরীক্ষক দ্বারা পরীক্ষিত বিভিন্ন পরীক্ষার উত্তরপত্রসমূহ বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত গোডাউন হতে পরীক্ষার ফলাফল প্রকাশের সাথে সাথে পরিত্যক্ত ঘোষিত হয় এবং নর্থ বেঙ্গল পেপার মিল পাকশীকে রি-সাইক্লিং-এর জন্য পরিত্যক্ত কাগজ হিসাবে বিশ্ববিদ্যালয়ের অন্যান্য কাগজসহ সরবরাহ করা হয়। বিশ্ববিদ্যালয়ের ব্যবহৃত উত্তরপত্র এবং অন্যান্য পরিত্যক্ত কাগজপত্র এভাবে পক্রিয়াকরণের রীতি বিশ্ববিদ্যালয়ের জন্মলগ্ন হতে চালু আছে।

বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের গোডাউন হতে নর্থ বেঙ্গল পেপার মিল পাকশীকে যে সকল পরিত্যক্ত কাগজ সরবরাহ করা হয় তা সুষ্ঠুভাবে পরিবহনের দায়িত্ব নর্থ বেঙ্গল পেপার মিল কর্তৃপক্ষের। প্রতি বৎসর জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রায় এক কোটি পরিত্যক্ত উত্তরপত্র এবং অন্যান্য কাগজ ট্রাক মারফৎ পরিবহনের ক্ষেত্রে কোন কোন সময় সড়ক দুর্ঘটনাজনিত কারণে খোয়া যাওয়ার অবকাশ থাকে। তবে এ ক্ষেত্রে ঐ সকল খোয়া যাওয়া উত্তরপত্র বা অন্যান্য কাগজ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফলাফলকে কোনভাবেই প্রভাবিত করে না বা প্রভাবিত করার কোন অবকাশও নেই। কারণ পরীক্ষার ফলাফল প্রকাশ না হওয়া পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল উত্তরপত্র অত্যন্ত গোপনীয়ভাবে সৎ ও দক্ষ কর্মকর্তার তত্ত্বাবধানে সংরক্ষণ করা হয়। অবশ্য উত্তরপত্র বিশ্ববিদ্যালয়ে পৌছানোর পূর্বে যদি ডাক বিভাগের কোন দৈব-দুর্বিপাকজনিত কারণে কোন উত্তরপত্র খোয়া যায় তা পরবর্তীতে প্রকৃত অনুসন্ধানের মাধ্যমে উদ্ধার করা হয়।

অতএব, জাতীয় বিশ্ববিদ্যালয় এ ব্যাপারে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের মাধ্যমে পরীক্ষার সকল উত্তরপত্র যথাযথভাবে মূল্যায়নের পর সকল পরীক্ষার ফলাফল শুদ্ধ এবং ত্রুটিমুক্তভাবে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করে থাকে। এ ব্যাপারে সংশ্লিষ্ট পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকদের বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উত্তরপত্র মূল্যায়ন এবং ফল প্রকাশ না হওয়া পর্যন্ত তা যথাযথ সংরক্ষণের নিশ্চয়তা প্রদান করছে। কাজেই কোন কারণে দেশের কোথাও পরীক্ষার উত্তরপত্র পরিত্যক্ত অবস্থায় পাওয়া গেলে বা উদ্ধার করা হলে তার জন্য কোন অবস্থাতেই বিচলিত হওয়ার অবকাশ নেই বা মুখরোচক শিরোনামে সংবাদপত্রে উদ্দেশ্যমূলক ও বিভ্রান্তিকর কোন সংবাদ পরিবেশনের যৌক্তিকতাও নেই।

এ জাতীয় বিভ্রান্তিকর খবর সম্পর্কে সংশ্লিষ্ট ছাত্র, শিক্ষক, পরীক্ষার্থী, অভিভাবক ও জনগণকে সচেতন থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

(এম রুহুল আমীন)
জনসংযোগ কর্মকর্তা,
ফোনঃ ৯৮০০৬৭৬

স-২৪২ (৫×৩)